



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
www.btrc.gov.bd



## প্রেস বিজ্ঞপ্তি

আইজিডব্লিউ রেভিনিউ শেয়ারিং বাবদ বিটিআরসিকে ১৩ কোটি ৭০ লক্ষ ৪৮ হাজার টাকা পরিশোধ করলো বিটিসিএল

ঢাকা, ১২ সেপ্টেম্বর ২০২১:

রাষ্ট্রায়াত্ত্ব সরকারি সংস্থা বাংলাদেশ টেলিযোগাযোগ কোম্পানী লি: (বিটিসিএল) কর্তৃক টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি-কে আইজিডব্লিউ রেভিনিউ শেয়ারিং বাবদ উৎসে আয়কর কর্তনপূর্বক ১৩ কোটি ৭০ লক্ষ ৪৮ হাজার টাকা পরিশোধ করা হয়েছে। আজ বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এর অফিস কক্ষে বিটিআরসি ও বিটিসিএল এর উধ্বর্তন কর্মকর্তাদের উপস্থিতিতে এ সংক্রান্ত চেক হস্তান্তর করা হয়।

সরকারের অডিট অধিদপ্তর কর্তৃক বিটিআরসি'র ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত সময়ের রাজস্ব আদায়ের ইস্যু ভিত্তিক নিরীক্ষার সুপারিশ মোতাবেক বিটিসিএল এর নিকট ২০২০ সালের জুন পর্যন্ত সময়ের আইজিডব্লিউ অপারেটর হিসেবে রেভিনিউ শেয়ারিং বাবদ অনাদায়ী ৫২৯.৪০ কোটি টাকা বকেয়া রয়েছে মর্মে আপত্তি জানানো হয়। বর্ণিত আপত্তির প্রেক্ষিতে আইজিডব্লিউ রেভিনিউ শেয়ারিং বাবদ বকেয়া আদায়ের অংশ হিসেবে এ অর্থ পরিশোধ করা হয়েছে। এছাড়া, বিটিসিএল এর আবেদনের প্রেক্ষিতে বিটিআরসি ও বিটিসিএল এর সংশ্লিষ্ট উধ্বর্তন কর্মকর্তাগণ উক্ত অডিট আপত্তির দাবি নামার চূড়ান্ত বকেয়া নির্ধারণ করবে।

চেক হস্তান্তর অনুষ্ঠানে বিটিআরসি'র মাননীয় চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার, ভাইস-চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র, বিটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক ড. মো: রফিকুল মতিন, বিটিআরসি'র অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের মহাপরিচালক জনাব মো: মেসবাহুজ্জামান, বিটিআরসি সচিব জনাব মো: জহিরুল ইসলাম, বিটিসিএল এর মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড পিআর) জনাব মীর মোহাম্মদ মোরশেদ এবং জনাব মো: মাজহারুল ইসলাম, মহাব্যবস্থাপক (ফিন্যান্স), বিটিসিএল উপস্থিত ছিলেন।

- বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন